

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০১২.(কুমিল্লা)২০১৩.১৭৪

তারিখ : ২৮.১০.২০২০খ্রি:

বিষয়: তদন্ত পূর্বক মতামত প্রেরণ।


সূত্র: অধ্যক্ষ, গোপালনগর আদর্শ কলেজ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা কর্তৃক দাখিলকৃত প্রভাষক (বাংলা) জনাব মোহাম্মদ ফোরকানুল ইসলাম কে এম.পি.ও. ডুক্তি করার আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলার গোপালনগর আদর্শ কলেজের চাহিদার প্রেক্ষিতে এনটিআরসিএ কর্তৃক মোছা: মমতাজ বেগম, প্রভাষক (বাংলা) হিসেবে ২৪/০১/২০১৯ তারিখে সুপারিশপ্রাপ্ত হন। তিনি বর্ণিত প্রতিষ্ঠানে যোগদান করতে গেলে প্রতিষ্ঠান প্রধান ও সভাপতি তার নিয়োগপত্র গ্রহণ করেনি মর্মে চেয়াম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা বরাবর আবেদন করেন। উক্ত আবেদন নিষ্পত্তি না হওয়ায় তিনি মহামান্য হাইকোর্টে ৯৩৩/২০২০ নম্বর রিট পিটিশন দায়ের করেন।

উল্লেখ্য মোছা: মমতাজ বেগম প্রভাষক (বাংলা) হিসেবে যোগদান করতে না পারায় পদটি শূন্য থেকে যায়। পরবর্তীতে মোহাম্মদ ফোরকানুল ইসলাম কে প্রভাষক (বাংলা) হিসেবে এনটিআরসিএ কর্তৃক ঐ শূন্য পদে সুপারিশ করা হয়। জনাব মোহাম্মদ ফোরকানুল ইসলাম বর্ণিত পদে যোগদান করে অদ্যবধি কর্মরত আছেন। তিনি এম.পি.ও. ডুক্তির জন্য আবেদন করলে মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং ৯৩৩/২০২০ এর কারণে পরিচালক আঞ্চলিক অফিস, কুমিল্লা তার এম.পি.ও. ডুক্তির আবেদন রিজেক্ট করেন।

এমতাবস্থায়, কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলার গোপালনগর আদর্শ কলেজের নিয়োগপ্রাপ্ত প্রভাষক (বাংলা) জনাব মোহাম্মদ ফোরকানুল ইসলাম-কে এম.পি.ও. ডুক্তি করা সংক্রান্তে প্রাপ্ত আবেদন, মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং ৯৩৩/২০২০ এর আদেশ এবং এনটিআরসিএ কর্তৃক পূর্বে সুপারিশকৃত প্রভাষক (বাংলা), মোছা: মমতাজ বেগম এর দাখিলকৃত কাগজপত্র যাচাইপূর্বক সুস্পষ্ট প্রস্তাবসহ পরবর্তী করণীয় বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে


২৮/১০/২০২০
(মো: কামরুল হাসান)
উপসচিব
ফোন : ৯৫৪০৫১৭
ই-মেইল: ds.mpo@moedu.gov.bd


মহাপরিচালক,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০১২.(কুমিল্লা) ২০১৩.১৭৪

তারিখ : ২৮.১০.২০২০খ্রি.

সদয় অবগতি/ কার্যার্থে :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অধ্যক্ষ, গোপালনগর আদর্শ কলেজ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
৪. জনাব মোহাম্মদ ফোরকানুল ইসলাম, প্রভাষক(বাংলা), গোপালনগর আদর্শ কলেজ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
৫. মোছা: মমতাজ বেগম, পিতা : মোকলেছুর রহমান, গ্রাম: আমিননগর, পো: মারিয়া, উপজেলা: বোদা, জেলা: পঞ্চগড়।
৬. অফিস কপি।


28/10/2020

(মো: কামরুল হাসান)

উপসচিব